



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর: ৭০/২০২৪

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১
২৯ মে ২০২৪

০৮টি ব্যাংক ও ০১টি আর্থিক প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার (সাধারণ)' (Job ID-10201) এর
২০২২ সাল ভিত্তিক ৯৭৪টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ
পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ০৮টি ব্যাংক ও ০১টি আর্থিক প্রতিষ্ঠান (সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক এবং বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন)-এ 'সিনিয়র অফিসার (সাধারণ)' (Job ID-10201) এর ২০২২ সাল ভিত্তিক ৯৭৪টি শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ২৩/০৬/২০২৪ তারিখের মধ্যে শুধুমাত্র উপর্যুক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্র সংক্রান্ত তথ্যাদি পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না। এ বিষয়ে যে কোন প্রয়োজনে প্রার্থীদের info.bsccs@bb.org.bd ই-মেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ কাওছার মতিন)
পরিচালক (বিএসসিএস),
বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি।